# যুক্তরাষ্ট্রে সফরে গেলেন সেনাপ্রধান ওয়াকার-উজ-জামান



সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। ছবি: সংগৃহীত

সরকারি আমন্ত্রণে যুক্তরাষ্ট্রের উদ্দেশ্যে রওনা হয়েছেন বাংলাদেশ সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান। শনিবার (২৮ মার্চ) তার এই সফর শুরু হয়। রোববার সকাল ১১টা ১৩ মিনিটে বাংলাদেশ সেনাবাহিনীর ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে বিষয়টি নিশ্চিত করা হয়।

সেখানে জানানো হয়, সফর চলাকালে তিনি জর্জিয়া স্টেট ক্যাপিটলের উদ্যোগে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনে বাংলাদেশের শান্তিরক্ষীদের গুরুত্বপূর্ণ অবদানের স্বীকৃতি হিসেবে একটি সম্মাননা প্রস্তাব গ্রহণ করবেন।

এছাড়া, যুক্তরাষ্ট্রের সিনেট চেম্বারে আয়োজিত একটি বিশেষ বক্তৃতা অনুষ্ঠানে অংশ নেওয়ার কথা রয়েছে তার। সফরের অংশ হিসেবে মার্কিন প্রতিনিধিদের সঙ্গে বিভিন্ন দ্বিপাক্ষিক বৈঠকেও যোগ দেবেন তিনি।

LENS ASIA